

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ফ্রয়ের জন্য মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলগালা যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র বিজ্ঞপ্তি :

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
০১	২৩/১৮-১৯	কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ	৫০০/-	৬০,০০০/-	১৬/০৬/২০১৯ইং তারিখ রবিবার পর্যন্ত	১৭/০৬/২০১৯ইং তারিখ সোমবার দুপুর ১২:০০ মিনিট পর্যন্ত	১৭/০৬/২০১৯ইং তারিখ সোমবার দুপুর ১২:৩০ মিনিট
০২	২৪/১৮-১৯	কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম	৫০০/-	৫৫,০০০/-			
০৩	২৫/১৮-১৯	ওয়ার্কসপের হার্ডওয়্যার মালামাল	৫০০/-	২৫,০০০/-			
০৪	২৬/১৮-১৯	কর্মচারীদের পোষাক (সেলাইসহ)	৫০০/-	১৩,০০০/-			

শর্তাবলী:

- ০১। অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং পবিসের নিজস্ব ওয়েবসাইট www.pbs.munshiganj.gov.bd এ দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০২। অগ্রহী দরদাতাগণ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হতে ছকে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি)/ব্যাংক গ্যারান্টি সংযুক্ত করতঃ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন) (ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ (খ) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ইদ্রাকপুর, মুন্সীগঞ্জ (গ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ (ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ (শুধু মাত্র দরপত্র নং-২৩/১৮-১৯ এর ক্ষেত্রে) হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৩। অগ্রহী দরদাতাগণ আগামী ১৭/০৬/২০১৯ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে দরপত্র (ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাস্কে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৪। উল্লেখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র বর্ণিত সময়সূচী অনুযায়ী মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের ক্ষেত্রে দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের কমপক্ষে ৫০% মূল্যের কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ ইতিপূর্বে সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সরবরাহের সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতার সনদপত্র থাকতে হবে, যার স্বপক্ষে অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্য পদ ও সদস্য নম্বর উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ০৬। দরদাতা প্রতিষ্ঠানের দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। নিয়ম অনুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।
- ০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর এই পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ০৮। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১০। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

জেনারেল ম্যানেজার
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ
ফোন নং-০২- ৭৬১২৮৪৪